মডেল টেস্ট-০২

ইসলাম ও নৈতিক শিক্ষা

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান — ১০০

[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ৫০ = ৫০

১. স্যার বললেন, এ পৃথিবীর একজন মালিক আছেন। স্যার কার কথা বুঝিয়েছেন?
ক. শেষ নবির খ. একজন বিজ্ঞানীর
গ. মহান আল্লাহর ঘ. একজন ফেরেশতার

২. আল্লাহ তায়ালার অসংখ্য সৃষ্টি আমাদের চারপাশে সুসজ্জিত আছে, যা তাঁর অস্তিত্বের নিদর্শন। এসব নিদর্শন কীসের সাক্ষ্য প্রদান করে?
ক. সবকিছু নিজে নিজেই সৃষ্টি হয়েছে
খ. সবকিছু ফেরেশতাদের সৃষ্টি
গ. সবকিছু একই স্রষ্টার সৃষ্টি
ঘ. সবকিছু ভিন্ন ভিন্ন স্রষ্টার সৃষ্টি

৩. মহাকাশ, বিশাল পৃথিবী, পাহাড়-পর্বত, নদী-সাগর, মহাসাগর, চন্দ্র-সূর্য, গ্রহ-নক্ষত্র, জীবজন্তু এগুলোর দিকে মন দিয়ে তাকালে বোঝা যাবে যে, এগুলো–
ক. আপনা-আপনি তৈরি হয়নি
খ. এলিয়েনরা সৃষ্টি করেছে
গ. বিজ্ঞানীরা সৃষ্টি করেছে
ঘ. কেউ সৃষ্টি করেনি

৪. আমরা জানি আল্লাহ এ পৃথিবীর মালিক, কারণ তিনি—
ক. খাদ্য ও বস্ত্র নিশ্চিত করেন
খ. শয়তানের শাস্তি নিশ্চিত করেন
গ. বিশ্বাসীদের নিরাপত্তা দেন ও পরিচালনা করেন
ঘ. সকল সৃষ্টির প্রতিপালন করেন

৫. আকাশ ও পৃথিবীর সবকিছু আল্লাহর অধীন। এটি থেকে কী বোঝা যায়?
ক. আল্লাহ সর্বদ্রষ্টা খ. আল্লাহ সর্বশক্তিমান
গ. আল্লাহ সহনশীল ঘ. আল্লাহ সর্বশ্রোতা

৬. আল্লাহ তায়ালা আমাদের অপরাধের সাথে সাথে শাস্তি দেন না, কারণ তিনি—
ক. রক্ষণশীল খ. সহনশীল
গ. দানশীল ঘ. যত্নশীল

৭. 'আল্লাহর অনুগ্রহ হতে নিরাশ হয়ো না'— এই বাক্যে আল্লাহর কোন গুণ প্রকাশ পায়?
ক. গাফুর খ. কাদীর
গ. বাসির ঘ. আ'লীম

৮. ইসলামের পথে চলতে চাইলে আল্লাহর গুণাবলি সম্পর্কে থাকতে হবে–
ক. ধারণা খ. একাগ্রতা
গ. সচেতনতা ঘ. সার্বিক জ্ঞান

৯. আল্লাহ 'রাজ্জাক' গুণে গুণান্বিত হওয়ার জন্য মানুষের কী করা উচিত?
ক. ক্ষুধার্তকে খাদ্য দেওয়া
খ. শীতার্তকে কাপড় দেওয়া
গ. অনাথকে আশ্রয় দেওয়া
ঘ. বিপদে ধৈর্য ধারণ করা

১০. "হে আমার বান্দাগণ! আল্লাহর অনুগ্রহ হতে নিরাশ হয়ো না" –এ বাক্যে প্রকাশ পায় আল্লাহ্—
ক. ক্ষমাশীল খ. সহনশীল
গ. সর্বশ্রোতা ঘ. পালনকর্তা

১১. আল্লাহ মানবজাতিকে ইবাদতের জন্য সৃষ্টি করেছেন কারণ—
ক. মানুষের হাত-পা আছে
খ. মানুষ মসজিদ বানাতে পারে
গ. মানুষের জ্ঞান ও বিবেক আছে
ঘ. মানুষ সকল প্রাণীকে নিয়ন্ত্রণ করতে পারে

১২. তুমি ঘুমানোর আগে পাক পবিত্র হয়ে আল্লাহর নাম নিয়ে ঘুমালে। এতে কী হবে?
ক. ঘুম ভালো হবে
খ. নিদ্রার সময়টুকু আল্লাহর ইবাদত বলে গণ্য হবে
গ. স্বাস্থ্য ভালো হবে
ঘ. মন ভালো হবে

১৩. রিফাত তার এক বন্ধুকে আল্লাহর ইবাদত করার উৎসাহ দিল। এর ফলে সে—
ক. শাস্তি পাবে
খ. ইবাদতকারীর সমান সওয়াব পাবে
গ. কোনো সওয়াব পাবে না
ঘ. ইবাদতকারী বন্ধুর অর্ধেক সওয়াব পাবে

১৪. আলম সালাত আদায়ের জন্য ভাঙ্গা পা ধোয়া ব্যতীত পবিত্র হতে কী করবে?
ক. শুধু কুলি করবে খ. তায়াম্মুম করবে
গ. শুধু মুখমণ্ডল ধুবে ঘ. হাত ও মুখ ধুবে

১৫. ইমাম সাহেব সালাতের নিষিদ্ধ সময় সম্পর্কে আলোচনা করলেন। এ ধরনের সময় কয়টি?
ক. ৩টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ৬টি

১৬. রাসেদুল হাসান শুদ্ধ করে সালাত আদায় করতে চায়। এক্ষেত্রে তার প্রথম করণীয় কী?
ক. নামাজের অনুশীলন করা
খ. নামাজের চিন্তা করা
গ. ওযু সহকারে থাকা
ঘ. সালাত আদায়ের নিয়ম জানা

১৭. তোমার বন্ধুর পায়ে প্রচণ্ড ব্যথা এবং দাঁড়াতে পারছে না। সে যখন সালাত আদায় করবে তখন কী করবে?
ক. নামাজ পড়বে না
খ. দাঁড়ানোর অংশটি উপেক্ষা করবে
গ. বসেই সালাত আদায় করবে
ঘ. পা ভালো হওয়া পর্যন্ত অপেক্ষা করবে

১৮. তুমি নামাজের সময় সূরা ফাতিহার পর অন্য সূরা পড়তে ভুলে গেলে কী কর?
ক. নামাজ শেষ কর
খ. সাহু সিজদাহ দাও
গ. পুনরায় নামাজ শুরু কর
ঘ. এক রাকআত নামাজ বেশি পড়

Jobsresultbd.com

১৯. তোমার কোনো সহপাঠী বিদ্যালয়ের দেয়ালে কোনো কিছু লিখতে চাইলে তুমি তাকে লিখতে নিষেধ করলে। তোমার এ কাজটি কীসের অন্তর্ভুক্ত?
ক. বিদ্যালয়প্রীতি খ. সৌন্দর্যবোধ
গ. আল্লাহভীতি ঘ. দেশপ্রেম

২০. তোমার কোনো সহপাঠী বেঞ্চের কোনা কাটে। তুমি বাধা দেওয়া সত্ত্বেও সে তোমার কথা শোনে না। এক্ষেত্রে তুমি কী করবে?
ক. তার পিতা-মাতাকে জানাবে
খ. স্কুলের বড় ভাইদের জানাবে
গ. শিক্ষককে জানাবে
ঘ. সকলে মিলে মারধর করবে

২১. পিতা-মাতা আমাদের স্নেহ ও আদরে লালন-পালন করেন। তাই আমাদের তাঁদের সাথে কী করা উচিত?
ক. উত্তম আচরণ করা খ. দুঃখ দেওয়া
গ. কটু কথা বলা ঘ. খারাপ ব্যবহার করা

২২. আমার বয়স যখন ৭ বছর তখন আমার বাবা মারা যায়। বাবার প্রতি অনেক দায়িত্ব-কর্তব্যই আমি পালন করতে পারিনি। বর্তমানে আমি বাবার জন্য কী করতে পারি?
ক. চিৎকার করে কান্না করতে পারি
খ. মন খারাপ করে থাকতে পারি
গ. মাগফিরাতের জন্য দোয়া করতে পারি
ঘ. সেবাযত্ন করতে পারি

২৩. রিসান তোমাকে আক্রমণ করে পালিয়ে যাওয়ার পর তুমি তার ছোট ভাইকে একা পেলে কী করবে?
ক. শাস্তি দিবে খ. গালি দিবে
গ. পুলিশে দিবে ঘ. কিছুই করবে না

২৪. আমাদের বাসায় যেসব লোক কাজ করে আমরা তাদের সাথে কী করব?
ক. ভালো ব্যবহার করব খ. সবসময় কাজ করাব
গ. কষ্ট দিব ঘ. বকাঝকা করব

২৫. রাস্তার পাশে লাগানো চারাগাছ একটি ছাগলে খাচ্ছে তখন তুমি কী করবে?
ক. শিক্ষককে বলবে
খ. দেখে চলে যাবে
গ. ছাগলটি তাড়িয়ে দেবে
ঘ. ছাগলটিকে প্রহার করবে

২৬. বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রাকৃতিক দুর্যোগের কারণে কী হয়?
ক. জমির উর্বরা শক্তি বৃদ্ধি পায়
খ. কৃষি উৎপাদন বৃদ্ধি পায়
গ. জীব বৈচিত্র্যের ক্ষতি হয়
ঘ. কৃষি জমির উন্নতি সাধিত হয়

২৭. সালাত আদায়ের জন্য শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে হয়। এ ধরনের তিলাওয়াতের নিয়মকে কী বলা হয়?
ক. লীন খ. লেহানে জলী
গ. তাজবিদ ঘ. ওয়াকফ

২৮. পবিত্র কুরআনে বলা হয়েছে 'তোমাদের দীন তোমাদের, আর আমার দীন আমার জন্য'— এ আয়াতে আমার দীন বলতে কোন ধর্মকে বোঝানো হয়েছে?
ক. ইসলাম খ. হিন্দু
গ. খ্রিস্ট ঘ. বৌদ্ধ

২৯. তুমি কুরআনের একটি সূরা তিলাওয়াত করে আল্লাহর প্রতি অবাধ্য আচরণকারীর পরিণাম জানতে পারলে। তুমি কোন সূরা তিলাওয়াত করেছ?
ক. সূরা আল-কাফিরুন খ. সূরা আল-কাউসার
গ. সূরা আল-ফীল ঘ. সূরা আল-মাউন

৩০. পবিত্র কুরআন আল্লাহর কিতাব। এটি কীভাবে তিলাওয়াত করবে?
ক. তাড়াতাড়ি করে খ. সুরে সুরে
গ. তাজবিদ অনুসারে ঘ. তারতীল অনুসারে

৩১. সালাত আদায়ের জন্য শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে হয়। এ ধরনের তিলাওয়াতের নিয়মকে কী বলা হয়?
ক. লীন খ. তাজবিদ
গ. লেহান ঘ. ওয়াকফ

৩২. নাক ব্যবহার করে আরবি হরফ উচ্চারণ করাকে কী বলে?
ক. ইদগাম খ. ইখফা
গ. গুন্নাহ ঘ. সুম্মা

৩৩. কাবাঘরে 'হাজরে আসওয়াদ' পাথরটি স্থাপন নিয়ে বিরোধ দেখা দিলে মহানবি (স.) সমস্যার সমাধান করেন—
ক. ইমামের মতানুসারে
খ. গোত্র সরদারদের পরামর্শ নিয়ে
গ. মক্কার জনগণের ভোটের মাধ্যমে
ঘ. বিচক্ষণ বুদ্ধি ও নিরপেক্ষতা অবলম্বন করে

৩৪. শিশু মুহাম্মদ (স)-কে বিবি হালিমা (রা) পাঁচ বছর পর্যন্ত নিজের সন্তানের মতো লালনপালন করেন। এ সময় তাঁর চরিত্রে কীসের অনুপম দৃষ্টান্ত ফুটে ওঠে?
ক. ইনসাফ ও ত্যাগের খ. ইহসান ও মানবতার
গ. সত্য ও ন্যায়ের ঘ. বিশ্বাস ও আদলের

৩৫. শিক্ষক ক্লাসে বললেন, আমাদেরকে আদর্শ শিক্ষা দেওয়ার জন্য কিছু শিক্ষক এই পৃথিবীতে প্রেরিত হয়েছেন। তিনি কাদের কথা বললেন?
ক. ফেরেশতাগণ খ. নবি-রাসুলগণ
গ. পীর-আউলিয়াগণ ঘ. জিন-পরীগণ

৩৬. মহানবি (স) হেরা পর্বতের গুহায় নির্জনে ধ্যান করতেন। এখানেই পবিত্র কুরআন নাজিল হয়। গ্রন্থটি মহানবি (স) ওপর কত বছর বয়সে নাজিল হয়?
ক. ৫০ বছর খ. ৪০ বছর
গ. ৩০ বছর ঘ. ৬০ বছর

৩৭. যুদ্ধের বিভীষিকায় করুণ দৃশ্য দেখে আমাদের প্রিয় নবি (স) 'হিলফুল ফুযূল' নামে একটি শান্তিসংঘ গঠন করেন। কোন যুদ্ধের বিভীষিকা দেখে তিনি এ সংঘ গঠন করেন?
ক. বদরের খ. উহুদের
গ. ফিজার ঘ. খন্দকের

৩৮. অষ্টম হিজরির রমজান মাসে মহানবি (স) মক্কা বিজয় করেন। তিনি কীভাবে এটি জয় করেন?
ক. ৭০ জন সাহাবির জীবনের বিনিময়ে
খ. ১৪ জন কুরআনে হাফেজের শাহাদতের বিনিময়ে
গ. মুসলিম বাহিনীর সুনিপুণ যুদ্ধ কৌশলের বিনিময়ে
ঘ. একেবারে বিনা রক্তপাতে

৩৯. মাহমুদ হজ করতে গিয়ে প্রথম ওহি নাজিলের গুহায় ভ্রমণ করল। সে কোথায় ভ্রমণ করেছে?
ক. জাবালে রহমতে খ. হেরা গুহায়
গ. সাফা পাহাড়ে ঘ. মারওয়া পাহাড়ে

৪০. বদর যুদ্ধে বন্দি কাফিরদের মধ্যে কিছু সংখ্যক ছিল শিক্ষিত। মহানবি (স) এ ধরনের বন্দীদের কীভাবে মুক্তি দিয়েছিলেন?
ক. পাঁচ বছর দাস হিসেবে থাকার শর্তানুসারে
খ. মুসলিম সৈন্যদের অস্ত্রশিক্ষা দেওয়ার বিনিময়ে
গ. দশ জন নিরক্ষর মুসলিমকে শিক্ষিত করার বিনিময়ে
ঘ. ইসলাম ধর্ম গ্রহণ করার শর্তানুসারে

jobsresultbd.com

৪১. **আসমাউল হুসনার গুণে গুণান্বিত হওয়া প্রয়োজন কেন?**

ক. কল্যাণের জন্য খ. সম্পদের জন্য
গ. সমৃদ্ধির জন্য ঘ. উত্তম চরিত্রের জন্য

৪২. **আল্লাহ তাআলা কেন যুগে যুগে নবি-রাসুল পাঠিয়েছেন?**

ক. মানুষের হিদায়াতের জন্য
খ. মানুষকে রক্ষা করার জন্য
গ. মানুষের নিরাপত্তা দেয়ার জন্য
ঘ. মানুষকে সুসংবাদ দেয়ার জন্য

৪৩. **'সাওম হচ্ছে ঢালস্বরূপ' —এটি কোন গ্রন্থে উল্লেখ আছে?**

ক. কুরআন শরিফ খ. বুখারী শরিফ
গ. বাইবেল ঘ. তিরমিযি শরিফ

৪৪. **পড়া-লেখাকে ইবাদতে পরিণত করার উপায়—**

ক. হাত মুখ ধুয়ে বসা খ. মা-বাবার নির্দেশে পড়া
গ. বিসমিল্লাহ বলে শুরু করা
ঘ. পশ্চিমমুখী হয়ে বসা

৪৫. **'মায়ের পদতলে সন্তানের জান্নাত'— কথাটি কে বলেছেন?**

ক. মহানবি (স.) খ. আল্লাহ তাআলা
গ. ফেরেশতা ঘ. নবি-রাসুলগণ

৪৬. **'মানুষ যা চেষ্টা করে তাই পায়' এটি কার বাণী?**

ক. মানুষের খ. ফেরেশতার
গ. মহানবি (স.) ঘ. আল্লাহর

৪৭. **কোরআন মাজিদ কোন মাসে নাজিল হয়?**

ক. মহররম মাসে খ. রবিউল আউয়াল মাসে
গ. রমজান মাসে ঘ. জিলহাজ মাসে

৪৮. **সূরা কাফিরুন এর আয়াত সংখ্যা কয়টি?**

ক. পাঁচটি খ. ছয়টি
গ. সাতটি ঘ. আটটি

৪৯. **বদর যুদ্ধে মুসলিম বাহিনী বিজয়ী হওয়ার কারণ কী?**

ক. তাঁদের বুদ্ধি বেশি ছিল বলে
খ. তাঁদের অস্ত্রশস্ত্র বেশি ছিল বলে
গ. তাঁরা ইমানের বলে বলিয়ান ছিল বলে
ঘ. তাঁদের কুটিল বুদ্ধি বেশি ছিল বলে

৫০. **হযরত সুলায়মান (আ.) কে পৃথিবীতে প্রেরণ করেছেন—**

ক. আল্লাহর ইবাদতের জন্য
খ. পশু-পাখির কথা বুঝার জন্য
গ. বাতাসকে নিয়ন্ত্রণ করার জন্য
ঘ. জিনদেরকে নিয়ন্ত্রণ করার জন্য

২. **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ:** ১× ১৫ = ১৫

ক. জনাব মুহিত জাহান্নাম থেকে মুক্তি পেতে চান। এক্ষেত্রে তাকে কী করতে হবে?
খ. আমরা প্রতিদিন শ্বাস নিয়ে থাকি। এসময় কোন বায়ু গ্রহণ করি?
গ. সালাতে বেশি সওয়াব পেতে তুমি কোন কাজটি করবে?
ঘ. রমযান মাসে এশার নামাজের সাথে তুমি কত রাকাআত অতিরিক্ত নামাজ আদায় করবে?
ঙ. শান্তি প্রতিষ্ঠার জন্য তুমি মুহাম্মদ (স)-এর গঠিত কোন সংঘের অনুসরণ করবে?
চ. সৃষ্টির সেবার মূর্ত প্রতীকের নাম জানতে চাইলে তুমি কার নাম বলবে?
ছ. শুদ্ধ করে কুরআন তিলাওয়াত করতে আমাদের তাজবিদের জ্ঞান অর্জন করতে হবে। এতে কী কী বিষয় আছে?
জ. তুমি শুদ্ধ ও সঠিক উচ্চারণে কুরআন তিলাওয়াত করতে চাও। এক্ষেত্রে তোমাকে কোনটি শিখতে হবে?
ঝ. আমাদের হিদায়েতের জন্য আল্লাহ তায়ালা যুগে যুগে কাদের পাঠিয়েছেন?
ঞ. ৫৭০ খ্রিঃ মহানবি (স) জন্মগ্রহণ করেন। সে সময় আরবের নারীদের অবস্থা কেমন ছিল?
ট. আমাদের দীনের নাম কী?
ঠ. ক্ষমাশীল ব্যক্তি কে?
ড. হযরত বায়েজিদ বোস্তামীর আদর্শ কাহিনী থেকে কী জেনেছ?
ঢ. গুন্নাহর হরফ কয়টি?
ণ. কুরআন মজিদের ভাষা কী?

৩. **ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও:** ৫ × ৭ = ৩৫

ক. যুগে যুগে পথহারা মানুষদের পথ প্রদর্শনের জন্য আল্লাহ নবি-রাসুলদের পাঠিয়েছেন। এ পথ প্রদর্শনকে কী বলে? এ পথ প্রদর্শনের জন্য যাদের পাঠানো হয়েছে তাঁরা কীসের মাধ্যমে জ্ঞান লাভ করতেন? তাঁদের ৩টি মূল শিক্ষা লেখ। ১+১+৩=৫

খ. তোমার মামা প্রতি বছর তার নিসাব পরিমাণ সম্পদ থেকে দরিদ্রদের মাঝে অর্থ দান করেন। তার এ দানকে ইসলামি শরিয়তে কী বলে? এর মাসারিফ কয়টি? এর ৬টি মাসারিফ লেখ। ১+১+৩=৫

গ. 'বিশ্বের সকল মানুষ ভাই ভাই'—এ উক্তিটিতে বিশ্বাস স্থাপন করে আমাদের করণীয় সম্পর্কে ৫টি বাক্য লিখ। ৫

ঘ. তোমার ভাইয়ের জন্মের পর তোমার দাদা তার নাম রাখলেন কাউসার। কেননা পবিত্র কুরআনের একটি সূরার নাম কাউসার। এ সূরাটি কোথায় অবতীর্ণ হয়? এ সূরার আয়াত সংখ্যা কত? সূরাটির বাংলা অর্থ লেখ। ১+১+৩ = ৫

ঙ. তোমার গ্রামের চেয়ারম্যান তোমাদের এলাকার সকল সম্প্রদায়ের লোকদের মিলেমিশে থাকার পরামর্শ দিয়েছেন। মহানবি (স)ও এমন একটি নীতি গ্রহণ করেছিলেন। নীতিটির নাম কী? এর কতটি ধারা ছিল? এর প্রধান তিনটি ধারা উল্লেখ কর। ১+১+৩ =৫

চ. শিক্ষক ক্লাসে বললেন, মূর্তিপূজার বিরোধী হওয়ায় আমাদের এক নবিকে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করা হয়। শিক্ষক কোন নবির কথা বললেন? কে তাঁকে আগুনে নিক্ষেপ করেছিল? তাঁর সম্পর্কে ৩টি বাক্য লেখ। ১+১+৩=৫

ছ. আল্লাহ তায়ালা একদিন এ বিশ্বজগৎ ধ্বংস করে দেবেন। এটি কোন দিন হবে বলে তুমি মনে কর? তোমার মতামত পাঁচটি বাক্যে লেখ। ৫

জ. মারজুকের বয়স ৭ দিন পূর্ণ হওয়ায় তার বাবা দুটি ছাগল ক্রয় করেছে আকিকা করার জন্য। শরিয়তে এর বিধান কী? এ দিনের চারটি উত্তম কাজ লেখ। ১+৪=৫

ঝ. সততা কী? সৎ হতে হলে যে গুণগুলো থাকা প্রয়োজন তার চারটি বাক্য লেখ। ১+৪=৫

ঞ. কুরআন মজিদ কার কালাম? কালাম শব্দের অর্থ কী? কুরআন মজিদ তিলাওয়াতের তিনটি উদ্দেশ্য লেখ। ১+১+৩ = ৫

Jobsresultbd.com

উত্তরমালা

১. ১. গ. মহান আল্লাহর; ২. গ. সবকিছু একই স্রষ্টার সৃষ্টি; ৩. ক. আপনা-আপনি তৈরি হয়নি; ৪. ঘ. সকল সৃষ্টির প্রতিপালন করেন; ৫. খ. আল্লাহ সর্বশক্তিমান; ৬. খ. সহনশীল; ৭. ক. গাফুর; ৮. ঘ. সার্বিক জ্ঞান; ৯. ক. ক্ষুধার্তকে খাদ্য দেওয়া; ১০. ক. ক্ষমাশীল; ১১. গ. মানুষের জ্ঞান ও বিবেক আছে; ১২. খ. নিদ্রার সময়টুকু আল্লাহর ইবাদত বলে গণ্য হবে; ১৩. খ. ইবাদতকারীর সমান সওয়াব পাবে; ১৪. খ. তায়াম্মুম করবে; ১৫. ক. ৩টি; ১৬. ঘ. সালাত আদায়ের নিয়ম জানা; ১৭. গ. বসেই সালাত আদায় করবে; ১৮. খ. সাহু সিজদাহ দাও; ১৯. ঘ. দেশপ্রেম; ২০. গ. শিক্ষককে জানাবে; ২১. ক. উত্তম আচরণ করা; ২২. গ. মাগফিরাতের জন্য দোয়া করতে পারি; ২৩. ঘ. কিছুই করবে না; ২৪. ক. ভালো ব্যবহার করব; ২৫. গ. ছাগলটি তাড়িয়ে দেবে; ২৬. গ. জীব বৈচিত্র্যের ক্ষতি হয়; ২৭. গ. তাজবিদ; ২৮. ক. ইসলাম; ২৯. ক. সূরা আল-কাফিরুন; ৩০. গ. তাজবিদ অনুসারে; ৩১. খ. তাজবিদ; ৩২. গ. গুন্নাহ; ৩৩. ঘ. বিচক্ষণ বুদ্ধি ও নিরপেক্ষতা অবলম্বন করে; ৩৪. ক. ইনসাফ ও ত্যাগের; ৩৫. খ. নবি-রাসুলগণ; ৩৬. খ. ৪০ বছর; ৩৭. গ. ফিজার; ৩৮. ঘ. একেবারে বিনা রক্তপাতে; ৩৯. খ. হেরা গুহায়; ৪০. গ. দশ জন নিরক্ষর মুসলিমকে শিক্ষিত করার বিনিময়ে; ৪১. ঘ. উত্তম চরিত্রের জন্য; ৪২. ঘ. মানুষকে সুসংবাদ দেয়ার জন্য; ৪৩. খ. বুখারী শরিফ; ৪৪. গ. বিসমিল্লাহ বলে শুরু করা; ৪৫. ক. মহানবি (স.); ৪৬. ঘ. আল্লাহর; ৪৭. গ. রমজান মাসে; ৪৮. খ. ছয়টি; ৪৯.গ. তাঁরা ইমানের বলে বলিয়ান ছিল বলে; ৫০. ক. আল্লাহর ইবাদতের জন্য।

২. ক. জাহান্নাম থেকে মুক্তির জন্য মুহিতকে সমস্ত পাপ কাজ থেকে বিরত থাকতে হবে
খ. শ্বাস নেওয়ার সময় আমরা অক্সিজেন গ্রহণ করি।
গ. জামাআতের সাথে সালাত আদায় করব।
ঘ. ২০ রাকাত অতিরিক্ত নামাজ আদায় করব।
ঙ. 'হিলফুল ফুযুল'।
চ. হযরত মুহাম্মদ (স)-এর নাম বলব।
ছ. তাজবিদে আছে মাখরাজ, ইদগাম, গুন্নাহ ইত্যাদি বিষয়ের বিবরণ।
জ. আমাকে তাজবিদ শিখতে হবে।
ঝ. নবি-রাসুলদের।
ঞ. পরিবার ও সমাজে নারীদের কোনো অধিকার ছিল না।
ট. আমাদের দীনের নাম ইসলাম।
ঠ. যার মন উদার, মানুষের জন্য যার দয়ামায়া বেশি, যে রাগ দমন করতে পারে, সেই ক্ষমাশীল ব্যক্তি।
ড. পিতামাতার খেদমত করার শিক্ষা পেয়েছি।
ঢ. ২টি।
ণ. কুরআন মজিদের ভাষা আরবি।